গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ০৭
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরে বাংল নগর ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি(ToR):

ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ

১। প্রকল্পের নাম : "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৩য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত প্রকল্প।
২। উদ্যোগী মন্ত্রণালয় : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা : হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
৪। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ

৫। অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৭১২৫.৩৪	৭৭৬৯.৭২	৭৫৮৮.৭৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪	+ ৪৬৩.৩৯ (৬.৫০%)	+১ বছর (৩৩.৩৩%)

৬.০ **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ**

৬.১ **পটভূমিঃ** বাংলাদেশে প্রায় ১ কোটি ৫০ লক্ষ লোক হিন্দু ধর্মের অনুসারী যা মোট জনসংখ্যার শতকরা প্রায় ১১ ভাগ। হিন্দু সম্প্রদায়ের বেশীরভাগ লোক গ্রাম এলাকায় বসবাস করে। এদের অনেকেই গরীব, অসহায় এবং এরা তাদের ছেলে-মেয়েদের স্কুলে পাঠানোর বিষয়ে অসচেতন। এছাড়াও তাদের শিশুরা কৃষি কাজে নিয়োজিত থাকে। এদের ধর্মীয় উপাসনালয় বা মন্দিরের সংখ্যা সারাদেশে ২৪ হাজার। হিন্দু সম্প্রদায়ের জনগন নিজ ধর্মীয় অনুভূতি ও বিশ্বাস নিয়ে এসব মন্দিরে পূজা, প্রার্থনা ও অন্যান্য আচার-অনুষ্ঠান পালন করে থাকে। প্রাক-প্রাথমিক এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র হিসেবে এসব মন্দিরগুলো ব্যবহার হতে পারে। হিন্দু ধর্মাবলম্বী ছেলে-মেয়েদের প্রাথমিক স্কুলে ভর্তির হার বৃদ্ধি ও স্বাক্ষরতার হার বৃদ্ধিতে এ সমস্ত মন্দিরগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

৬.২ **উদ্দেশ্যঃ**

ক।	মন্দির প্রাঙ্গণকে ব্যবহার করে সমগ্র বাংলাদেশে ৫০০০টি মন্দির ভিত্তিক শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ৫,১৮,১৩০ জন শিশু প্রাক-প্রাথমিক পর্যায়ে শিক্ষা প্রদান করা;
খ।	সবার জন্য প্রাথমিক শিক্ষা অর্জনের নিমিত্ত প্রাক-প্রাথমিক কোর্স সমাপ্তকারী শিক্ষার্থীদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার বৃদ্ধি করা;
গ।	দরিদ্র পরিবারের ছেলে-মেয়েদের জন্য প্রাক-প্রাথমিক এবং প্রাক-স্কুল শিক্ষা কর্মসূচি (Early Childhood and Pre-School Education Program) সম্প্রসারণ করা;
ঘ।	মন্দির অঙ্গণকে ব্যবহার করে ২৫০টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ২০,৭৭৫ জন শিক্ষার্থীকে স্বাক্ষরতা ও ধর্মীয় শিক্ষা প্রদান করা;
ঙ।	প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ৪৮টি আঞ্চলিক অফিস স্থাপনের মাধ্যমে ২৪৩ জন বেকার তরুণ-তরুণীকে পূর্ণকালীন এবং ৫৩৪৬ জনকে খন্ডকালীন চাকুরীর ব্যবস্থা করা;
চ।	প্রকল্পের মন্দির ভিত্তিক শিক্ষাকেন্দ্রগুলোর শতকরা ৮০ ভাগের অধিক মহিলা শিক্ষক দ্বারা পরিচালিত করে তাদের আয় বৃদ্ধি, পরিবারে তাদের অবস্থান শক্তিশালীকরণ এবং জেন্ডার বৈষম্য দূরীকরণের মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা; এবং
ছ।	ধর্মীয়, নৈতিক এবং বিভিন্ন সামাজিক বিষয়ে শিক্ষাদানের মাধ্যমে নতুন প্রজন্ম এবং বয়স্ক শিক্ষার্থীদের মাঝে নৈতিক শৃংখলা এবং সচেতনতা বৃদ্ধি করা।

৭.০ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

ক। শিক্ষক প্রশিক্ষণ ও কর্মশালা;
খ। শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম;
গ। বয়স্ক শিক্ষা কার্যক্রম; এবং
ঘ। শিক্ষা উপকারণসহ বিভিন্ন ক্রয়।

খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি(ToR):

১। **"মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৩য় পর্যায়)' প্রকল্পটির প্রভাব মূল্যায়ন কার্যক্রমপরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে**

১.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়ন, বছরভিত্তিক বরাদ্দ চাহিদা, চাহিদা অনুযায়ী এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিআর, পিপিএ, উন্নয়ন সহযোগীর গাইড লাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যালোচনা/পর্যবেক্ষণ;

১.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশ ন/ BOQ/ToR, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছিল কিনা সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ করা;

১.৭ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার অদক্ষতা এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যোলোচনা;

১.৮ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories যদি থাকে) বিষয়ে আলোকপাত;

১.৯ প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত সুপারিশ প্রদান;

১.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

১.১১ সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা এবং পর্যবেক্ষণের আলোকে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১.১২ প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের বর্তমান অবস্থা তুলনা করে পর্যালোচন ও মতামত প্রদান;

১.১৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের গুণগতমান সংক্রান্ত বিষয়ের উপর পর্যবেক্ষণ, পর্যোলোচনা এবং মতামত প্রদান;

১.১৪ প্রকল্পের কোন উদ্দেশ্য অসম্পূর্ণ থাকলে তার কারণ ব্যাখ্যা এবং মতামত প্রদান;

১.১৫ সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসহ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ;

১৯.১৬ স্থানীয় পর্যায়ে একটি কর্মশালা ও জাতীয় পর্যায়ে একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Findings) অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে মূল্যায়ন প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং

১.১৭ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক সমীক্ষা সংশ্লিষ্ট আরোপিত অন্যান্য কাজ সম্পাদন।

২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনেশন কর্মশালার)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি
ঘ।	খসড়া চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজি) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৯৫ দিনের মধ্যে	৩০ কপি
ঙ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৫০ ও ইংরেজি ৩০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৮০ কপি

৩। **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা**

নং	ফার্ম ও পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফার্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	----	➤গবেষণা অথবা প্রকল্পের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। ➤ মাঠ পর্যায় থেকে ডাটা সংগ্রহ , ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়ন এ অভিজ্ঞতা; ➤ পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২।	ক) টিম লিডার (মূল্যায়ন বিশেষজ্ঞ)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে	➤ গবেষণা/মূল্যায়ন সংক্রান্ত কাজের ন্যূণতম ৭ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ ও উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ঠ ধারণা থাকতে হবে; ➤ টীম লিডার হিসেবে অভিজ্ঞতা ও প্রতিবেদন উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ সংশ্লিষ্ট অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা; এবং ➤ সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে; ➤ প্রশ্নপত্র প্রণয়ন, তথ্য সংগ্রহ ব্যবস্থাপনা ও তথ্য প্রক্রিয়াকরণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে;
	খ) শিশু মনস্তাত্বিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মনস্তাত্বিক শিক্ষা বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	➤ সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/প্রভাব মূল্যায়ন সংক্রান্ত কাজে ন্যূণতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	গ) মনিটরিং এন্ড ইভালুয়েশন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	➤ আর্থ-সামাজিক গবেষণা/প্রভাব মূল্যায়ন সংক্রান্ত কাজে ন্যূণতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রশ্নপত্র প্রণয়ন, তথ্য সংগ্রহ ব্যবস্থাপনা ও তথ্য প্রক্রিয়াকরণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে;
	ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	➤ ডাটা ব্যবস্থাপনায় ন্যূণতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

৪। **ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:**

ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি/আরডিপিপি ও পিসিআর); এবং

খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।